যুগান্তর

তারিখ 1 9 JUN 2008
পৃঃ ৭৬ ৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক স্তরের ছাত্রীদের উপবৃত্তি প্রদান প্রকল্প-২
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ২য় ব্লক, ৫ম তলা, ঢাকা-১০০০

স্মারক নং নং এফএসপি/পিআইইউ/পিআইইউ/৫৭২/০৭(অংশ-১)/৯২০ তারিখ : ১২/০৬/২০০৮ইং

# উপবৃত্তি বিতরণ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সরকারের অর্থায়নে পরিচালিত মাধ্যমিক স্তরের ছাত্রীদের উপবৃত্তি প্রদান প্রকল্প-২য় পর্যায়-এর অধীনে ৩০২টি উপজেলার মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ২০০৮ সনের ১ম কিস্তি (জানুয়ারী-জুন '২০০৮) উপবৃত্তি ও টিউশন ফি সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে আগামী ২২/০৬/২০০৮ হতে বিতরণ কার্যক্রম শুরু করা হবে এবং ২০/০৭/০৮ তারিখের মধ্যে বিতরণ শেষ করতে হবে। বিতরণ শেষে ৩১শে জুলাই ২০০৮ তারিখের মধ্যে চূড়ান্ত হিসাব সংশ্লিষ্ট শাখা ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকে প্রেরণ করবে এবং একই সঙ্গে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রধান শিক্ষক এবং সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার স্বাক্ষরিত চূড়ান্ত হিসাবও ঐ তারিখের মধ্যে পিআইইউ-তে প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে।

প্রকল্পভুক্ত যোগ্য ছাত্রীগণ যাতে উপবৃত্তির টাকা নির্বিঘ্নে উত্তোলন করতে পারে সে লক্ষ্যে—

১. বিজ্ঞপ্তিতে প্রকাশিত তারিখ অনুযায়ী প্রকল্পভুক্ত উপজেলাসমূহে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং ব্যাংক কর্মকর্তার সমন্বয়ে প্রকল্পের নীতিমালা অনুযায়ী ছাত্রীদের মাঝে উপবৃত্তি বিতরণের জন্য 'বুথ ব্যাংকিং' ভিত্তিক বিস্তারিত বিতরণ সময়সূচি প্রণয়ন করবে।

২. সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ছাত্রীদের মাঝে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের সময়সূচি প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ, ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ এবং শিক্ষক অভিভাবকবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে ব্যাপক প্রচারের মাধ্যমে যথাযথভাবে অবহিত করবেন।

৩. ছাত্রীদের উপবৃত্তি প্রাপ্তির নিম্নলিখিত শর্তাবলী নিশ্চিত হয়ে উপবৃত্তি বিতরণ করতে হবে ঃ

ক) শিক্ষা প্রতিষ্ঠানের মোট স্কুল দিবসের কমপক্ষে ৭৫ দিন উপস্থিতি

খ) বার্ষিক পরীক্ষায় কমপক্ষে শতকরা ৪৫ ভাগ নম্বর অর্জন

গ) এসএসসি/দাখিল পরীক্ষা পর্যন্ত অবিবাহিত থাকা

**বিজ্ঞপ্তিতে নির্ধারিত তারিখ অনুযায়ী উপবৃত্তি বিতরণের নীতিমালা কঠোরভাবে অনুসরণের জন্য বিতরণের সাথে সম্পৃক্ত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।**

(মোঃ আফজাল হোসেন)
প্রকল্প পরিচালক